স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ**

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পাঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে চৈত্র বুধবার ১৩৬৯ ইংরাজী 3rd April. 1963 { ৪৫শ সংখ্যা




**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354. OF 57

**খাস জনতা**

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M. 15. 57

**জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।**

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত. পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

**সহরবাসীর অপূর্ব্ব সুযোগ**

আমাদের উপর আপনার চাউল তৈয়ারীর ভার দিন। আমরা নিজ তত্ত্বাবধানে ধান সেদ্ধ করাইয়া ভাতের চাল, মুড়ির চাল তৈয়ারী করাইয়া দিই। বিস্তৃত বিবরণের জন্য যোগাযোগ করুন।

সৌরীন্দ্রমোহন চৌধুরী, রঘুনাথগঞ্জ ফাঁসীতলা অথবা মিঞাপুরের "দেবেন্দ্র চাউল ও আটা কলে।"

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২০শে চৈত্র বুধবার সন ১৩৬৯ সাল।

## বাসন্তী পূজা

—•—

বৎসরান্তে চৈত্র মাসে বসন্ত ঋতুতে এই পূজা অনুষ্ঠিত হয় ব'লে এই পূজার নাম বাসন্তী পূজা। এই পূজার আসল উদ্দেশ্য হলো জগতে ও জীবনে শান্তি স্থাপন করা।

দেবীর জন্মবৃত্তান্তেও আমরা এই কথাই জানতে পারি। আবার চণ্ডীতেও আমরা দেখি, যখন সুরথরাজা শত্রুকর্ত্তৃক রাজ্যচ্যুত হ'য়ে কোন উপায়ান্তর না দেখে বনগমন করেন, তখন মেধস মুনির আদেশে তিনি দশভুজা মূর্ত্তিতে মায়ের আরাধনা করেন ও পুনরায় হৃতরাজ্যে অধিষ্ঠিত হন। তারপর ত্রেতাযুগে সীতাদেবীকে উদ্ধার করতে যখন স্বয়ং রামচন্দ্র রাবণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হয়েছিলেন, তখন রাবণকে সংহার ক'রতে তাঁকেও অকালে বোধন আনতে হ'য়েছিল অর্থাৎ অসময়ে পূজা করতে হয়েছিল।

এই পূজা শরৎকালে অনুষ্ঠিত হ'য়েছিল বলেই এই পূজার নাম দেওয়া হলো শারদীয়া পূজা। এইভাবে তখন হতেই আমাদের দেশেও শারদীয়া পূজারই বেশী প্রচলন হলো।

রাবণ কিন্তু মহামায়ার একজন ভক্ত ছিল, তথাপি যেহেতু মাতৃরূপা সীতাদেবীর অবমাননা করেছিল, সেইহেতু তাকে সবংশে প্রাণ বিসর্জ্জন দিয়ে কৃতকর্মের ঋণ শোধ করতে হ'য়েছিল। তাহলে দেখা যায় যাহা অন্যায় তাহা চিরকালই অন্যায়। আর এই অন্যায়কে দেবতারাও দমন করেছিলেন।

মা! আজকে আমাদের মাঝে আবার সেই দুর্দ্দিন এসেছে। ঘরে ঘরে কত জায়া-জননীকে স্বামী পুত্রহারা হয়ে অশ্রুসিক্ত নয়নে দিন যাপন করতে হচ্ছে। গৃহহারা ও দেশছাড়া হয়ে কত লোককে যাযাবরের ন্যায় পথে পথে ঘুরে বেড়াতে হচ্ছে। তোমার চল্লিশকোটি সন্তান আজ শত্রুর সম্মুখীন, অভাবে অনটনে ও নানা বিপর্য্যয়ে জর্জ্জরিত। শান্তিকাননে আজ রণদামামা বেজে উঠে সকলকে উৎপীড়িত করছে, তোমার নিপীড়িত সন্তান আজ কি ভরসা বুকে নিয়ে দিন কাটাবে? তুমি কি আবার তোমার বরাভয়-দায়িনী মূর্ত্তিতে আমাদের সম্মুখে আবির্ভূতা হয়ে, আমাদের শঙ্কা, সঙ্কোচ ও ভয়ের অবসান ঘটাবে? তোমার সেই শুভ আগমনের দিনটির প্রতীক্ষায় রইলাম।

---

## প্রতিরক্ষা বাহিনীর জন্য ইঞ্জিনিয়ার ও ডাক্তার

প্রতিরক্ষা বাহিনীর জন্য অনেক ইঞ্জিনিয়ার এবং ডাক্তারের দরকার থাকিলেও রাজ্য সরকারের অধীন একজন ইঞ্জিনীয়ারও এজন্য আবেদন করেন নাই। মাত্র ৩৪ জন ডাক্তার জরুরী কমিশনে যোগ দিবার জন্য আবেদন জানাইয়াছেন। সম্প্রতি মন্ত্রিসভা পর্য্যায়ে এই সমস্যা সম্পর্কে আলোচনা হয়। প্রকাশ, সরকারের যেসব কর্মী স্বেচ্ছায় মিলিটারী সার্ভিসে যোগ দিবেন, তাঁহাদের জন্য কিছু বিশেষ সুযোগ সুবিধা দিবার সিদ্ধান্ত হয়। সরকারী মহল মনে করেন, এতদ্দ্বারা সরকারী কর্মচারী এইদিকে আকৃষ্ট হইবেন।

---

## চারজন মহিলা জীবন্ত দগ্ধ

### দুর্গাপুরের গ্রামাঞ্চলে শোচনীয় অগ্নিকাণ্ড

গত ৩১শে মার্চ্চ রবিবার দুর্গাপুর ষ্টেশনের নিকট ভৈরবপুর গ্রামে এক পরিবারের চারজন মহিলা অগ্নিদগ্ধ হইয়া মারা যায়। প্রকাশ, রন্ধন করিবার সময়ে একজন মহিলার শাড়ীতে আগুন ধরিয়া যায়। ভীত হইয়া উক্ত মহিলা শোবার ঘরে ছুটিয়া যায় এবং তাহার ফলে আগুন ছড়াইয়া পড়ে, চারজন মহিলাই জীবন্ত দগ্ধ হইয়া মারা যায়। পশ্চিমবঙ্গ দমকল বাহিনী চার ঘণ্টা সংগ্রাম করার পর আগুন আয়ত্তে আনিতে সক্ষম হয় বটে, তবে বাড়ীটি সম্পূর্ণ ভস্মীভূত হইয়া যায়।

---

## এক মিনিটের হিসাব

এক মিনিট আর কি এমন, ষাট বৈতো নয়। "অর্থাৎ কিছুই নয়," নির্ব্বিকারভাবে বলেন দার্শনিক। "সে কি কথা, সব মিলিয়ে পুরো ষাট সেকেণ্ড, তবু বলছেন কিছু নয়" বলেন পরিসংখ্যান-বিদ। সাধারণ মানুষের জীবনে একটা মিনিট হয়তো নিতান্তই তুচ্ছ কিন্তু সময়ের নিক্তিতে একটা মিনিট যে কত গুরুত্বপূর্ণ তারই মূল্য নিরূপণ করবার চেষ্টা করেছেন সম্প্রতি পরিসংখ্যানবিদরা। তাঁরা জানতে চেয়েছিলেন এই অল্প এক মিনিট সময়ে সারা পৃথিবীর ২,৫০০ মিলিয়ন লোক কি করে এবং শেষে, ষাট সেকেণ্ডে পৃথিবীর জনমানবের কত অভিজ্ঞতা জমা হয়। আমাদের হাতঘড়ির সেকেণ্ডের কাঁটা টিক্‌টিক্ কোরে সারা ডায়াল ঘুরে আসার মধ্যে আকাশ থেকে আমাদের পৃথিবীর ওপর ৬,০০০ উল্কাপাত হয় আর ঐ সময়ের মধ্যে পৃথিবী তার সূর্য্য পরিক্রমার কক্ষপথে কম করে ৯৫০ মাইল চলে যায়। আবহাওয়া মণ্ডলে প্রায় ৬৮টি ঝঞ্ঝাবাত্যা বয়ে যায় এবং পৃথিবীর বিভিন্ন মহাদেশে ১৪,১০০ ঘনফুট বৃষ্টি হয়। তাছাড়া এক মিনিট সময়ে পৃথিবীর সব নদনদী থেকে প্রায় ৩৫,০০০ টন জল ও কাদা সমুদ্রে গিয়ে পড়ে। এক মিনিটে পৃথিবীতে মানুষ মরে ১০০ জন ও জন্মায় ১১৪, যার মধ্যে বারোজন যমজ। প্রতি মিনিটে ৩৪ জন যুবক যুবতী বিবাহ সূত্রে আবদ্ধ হয় এবং তিনটি বিবাহ বিচ্ছেদ হয়। জার্ম্মান পরিসংখ্যানবিদ্‌দের হিসেবে প্রতি মিনিটে সারা পৃথিবীতে ২৮০,০০০ টেলিফোন করা হয়, ছ'মিলিয়ন সিগারেট পোড়ে এবং ১১০,০০০ কপি সংবাদপত্র বিক্রী হয়। নানাকাজে ব্যস্ত থাকা সত্ত্বেও এই অল্প সময়ের মধ্যে পৃথিবীর মানুষ ৬৩৮,০০০ গ্যালন সুরা পান করে এবং খাবারদাবার খায় ৪,০০০ টন। এক মিনিটে মানুষ খনি থেকে কয়লা তোলে ৩,০০০ টন, লোহা ও ইস্পাত উৎপন্ন করে ৭০০ টন ও ৪,৬০০ জোড়া জুতো তৈরী করে। মোটরিষ্টদের অবগতির জন্যে পরিসংখ্যানবিদরা জানিয়েছেন যে প্রতি মিনিটে পৃথিবীর বিভিন্ন মোটরগাড়ীর কারখানা থেকে ৬৮টি নতুন গাড়ী বেরয়।

এই সব জেনেশুনে আপনার কি মনে হয় না যে একটা মিনিট সময় মানুষকে ডাক লাগাবার পক্ষে যথেষ্ট। ওপরের ঐসব হিসেব বেরুবার সঙ্গে সঙ্গে কিন্তু একদল সমালোচক অভিযোগ করেছেন যে, সবচেয়ে দরকারী পরিসংখ্যানই তো তালিকা থেকে বাদ পড়ে গেছে অর্থাৎ এই ষাট সেকেণ্ডের মধ্যে আমাদের এই গ্রহে কতবার প্রেমিক প্রেমিকাকে কিংবা স্ত্রী স্বামীকে বলে, ওগো একটু দাঁড়াওনা, আমি এক মিনিটে তৈরী হয়ে নিচ্ছি!

## চাউলের দর

চাউলের দর হু হু করিয়া বাড়িয়া চলিয়াছে। এ সময় অপেক্ষাকৃত কম দরই থাকে। এবার এখন এ তেজ সুলক্ষণ নয়। একজন ঝুনো ব্যবসায়ীকে এ সময় দরবৃদ্ধির কথা বলিলে, সে বলিল—দেখছেন কি এর পর চল্লিশ টাকা হওয়াও আশ্চর্য্য নয়। কি হইবে ভগবানই জানেন, তবে আশঙ্কা অমূলক না হইতেও পারে। মধ্যবিত্তদের ঘরে টাকা নাই। সারা বছরের খোরাকী সংগ্রহ করার মত সামর্থ্য কয়জনেরই বা আছে?

## ক্রেন হইতে পতনে মৃত্যু

গত ৩১শে মার্চ্চ রবিবার দুর্গাপুরে ইস্পাত কারখানায় এক শোচনীয় দুর্ঘটনা ঘটিয়া গিয়াছে। বৈদ্যনাথ বাউরী নামে ৩৬ বৎসর বয়স্ক জনৈক অদক্ষ কর্মী ক্রেনে কাজ করার সময়ে হঠাৎ পড়িয়া যায়। তাহাকে হাসপাতালে পাঠান হয়। সেখানে তাহাকে মৃত বলিয়া ঘোষণা করা হয়।

## সরকারী কর্ম্মচারীর শাস্তি

গত বৎসর দুর্নীতির অভিযোগে ৮১ জন গেজেটেড অফিসার সহ ১৪৬ জন সরকারী কর্ম্মচারীকে শাস্তি দেওয়া হইয়াছে। বিশেষ পুলিশ সংস্থার ১৯৬২ সালের রিপোর্টে এই তথ্য প্রকাশ পায়।

## মাছি ও মশার উপদ্রব

জনসাধারণের দুর্ভোগের অন্ত নাই। গরম পড়ার সঙ্গে সঙ্গে তার সহচর মশা ও মাছির উপদ্রব বাড়িয়াছে। মশক কুলের হাত হইতে রক্ষা পাওয়া সহজসাধ্য নহে। মশারী কেনার সামর্থ্য খুব কম লোকেরই আছে। সরকার ম্যালেরিয়া দমনের জন্য ডি-ডি-টি স্প্রে দেওয়ার ব্যবস্থা করিয়াছেন। কিন্তু তাহাতে মশককুল দমিয়াছে বলিয়া মনে হয় না। রাস্তার পাশের নর্দ্দমাগুলিতে মশক ও মক্ষিকাকুলের বংশবৃদ্ধি অবাধে চলিতেছে। এক কথায় বলা চলে—

রেতে মশা দিনে মাছি,
এই নিয়ে সুখে আছি।

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা

এ বছর জঙ্গিপুর পরীক্ষা কেন্দ্র হইতে ২৫৭ জন উচ্চ মাধ্যমিক ও ৩৩২ জন মাধ্যমিক পরীক্ষা দিয়াছে। অসদুপায় অবলম্বনের অপরাধে উচ্চ মাধ্যমিকের ৪ জন ও মাধ্যমিকের ৪ জন মোট ৮ জন ছাত্র বহিষ্কৃত হইয়াছে। যাহাতে কেহ বাহির হইতে কিছু সরবরাহ করিতে না পারে তজ্জন্য কেন্দ্রের চারি পাশে প্রচুর পুলিশ প্রহরার ব্যবস্থা ছিল। কেন্দ্রের ভারপ্রাপ্ত ডেপুটি ম্যাজিষ্ট্রেট শ্রীআদিনাথ ভট্টাচার্য্য ও মহকুমা পুলিশ অফিসার মহাশয়দ্বয় সব সময় সব দিকে সতর্ক দৃষ্টি রাখেন। মহকুমা শাসক মহাশয় প্রত্যহ কেন্দ্রের কার্য্য পরিদর্শন করেন। কেন্দ্রের সম্পাদক ও শিক্ষক মহাশয়গণ সুচারুরূপে কার্য্যাদি সম্পাদন করিয়াছেন।

## শিক্ষিকা আবশ্যক

শিক্ষিকার পদের জন্য নিম্নের ঠিকানায় যোগ্যতার বিবরণ সহ (১৫ই এপ্রিল, ১৯৬৩) মধ্যে আবেদন করুন।

সেক্রেটারী,
ভাগীরথী অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়।
C/o. জঙ্গীপুর মহিলা-সঙ্ঘ
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## এক সপ্তাহে ১১৫ জনের মৃত্যু

### কলিকাতায় কলেরা ও বসন্তের অব্যাহত দাপট

কলিকাতা মহানগরীতে কলেরার প্রকোপ ক্রমশঃ বাড়িয়াই চলিয়াছে। ইহার উপর আবার বসন্ত মহামারী। গত ৩০শে মার্চ্চ যে সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহে কলিকাতায় ১০৬ জন কলেরা রোগাক্রান্ত হয় এবং ঐ সময়ের মধ্যে ৩৯ জন এই রোগে মারা যায়। ঐ সপ্তাহে ৭৭ জন বসন্ত রোগাক্রান্ত হয় এবং ঐ সময়ের মধ্যে ১৬ জন মারা যায়। ইহার আগের সপ্তাহে (২৩-৩-৬৩) ৭১ জন কলেরা রোগাক্রান্ত হয় এবং ঐ সময়ের মধ্যে এই রোগে ২৮ জনের মৃত্যু হয়। এই সপ্তাহে ৮২ জন বসন্ত রোগাক্রান্ত হয় এবং ঐ সময়ের মধ্যে ১৬ জন মারা যায়। গত বছর এই দুইটি সপ্তাহে কলেরা ও বসন্ত রোগে যথাক্রমে ৪ ও ৪ এবং ৩ ও ২ জন মারা যায়।

## জঙ্গিপুরে বসন্ত রোগ

জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জে বসন্ত রোগ হইতেছে বলিয়া মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষ জনসাধারণকে ঢোল সহরত দ্বারা সতর্ক করিয়া দিয়াছেন। স্বল্পতোয়া ভাগীরথীর জলে রোগীর কাপড়াদি কাচিতে নিষেধ করা হইয়াছে। জনগণ নিজেদের নিরাপত্তার জন্য টিকা লউন ও সকল প্রকার বিধি নিষেধ পালন করিতে চেষ্টা করুন। রোগ যাহাতে ব্যাপকভাবে ছড়াতে না পারে সেদিকে প্রত্যেকের লক্ষ্য রাখা একান্ত কর্ত্তব্য। টাটকা খাদ্যদ্রব্য ও বিশুদ্ধ পানীয় জল ব্যবহার করুন।

## জঙ্গীপুর-কৃষ্ণপুর
## এক্সপ্রেস বাস সার্ভিস

জঙ্গীপুর থেকে বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, কলিকাতা একই দিনে যাতায়াতের সুবর্ণ সুযোগ। ভোর ৩টায় জঙ্গীপুর থেকে গিয়ে দিনের কাজ সেরে রাত ১১৷৷০টায় কৃষ্ণপুর হ'য়ে ফিরা যায়।

—চলন্তিকা বাস সার্ভিস



## বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দরে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

# মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটার সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## চ্যবনপ্রাশ

নিয়মিত সেবনে শ্বাস, কাশ ও হাঁপানি রোগ চিরতরে নিরাময় হয়।

প্রাপ্তিস্থান—
কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ